আজকের কাগজ

তারিখ ... 31 OCT 1992 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

40

# বিএনপি ছাত্রদের হাতে অস্ত্র তুলে দিয়েছে আমরা দিয়েছি বই, খাতা, কলম—শেখ হাসিনা

বাংলাদেশ আওয়ামী লীগ সভানেত্রী ও জাতীয় সংসদে বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপি ছাত্রদের হাতে অস্ত্র তুলে দিয়েছে। আমরা তুলে দিয়েছি বই, খাতা, কলম। শেখ হাসিনা গতকাল আওয়ামী লীগ কার্যালয়ে বাংলাদেশ ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার বর্ধিত সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, আওয়ামী লীগের সহ-প্রচার সম্পাদক আব্দুল মান্নান, কার্যনির্বাহী সংসদের সদস্য আকতারুজ্জামান, সাবেক ছাত্রনেতা এমএম কামাল হোসেন ও ছাত্রলীগের সাধারণ সম্পাদক ইকবালুর রহিম।

প্রধান অতিথির ভাষণে শেখ হাসিনা গত বছর এই দিনে জাতীয়তাবাদী ছাত্রদলের অস্ত্রধারীদের হাতে নিহত ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র, ছাত্রলীগ নেতা মিজানুর রহমান মিজান ও প্রয়াত নেতা ফনিভূষণ মজুমদারের বিদেহী আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

তিনি বলেন, আমরা স্বৈরাচার উৎখাত করেছি, সংসদীয় পদ্ধতির প্রবর্তন করেছি। কিন্তু আজকে যাদের হাতে দেশ পরিচালনার দায়িত্ব পড়েছে তাদের গণতন্ত্রের চর্চা ও অনুশীলনে অজ্ঞতা গণতন্ত্রের ভবিষ্যত সম্পর্কে মানুষের মাঝে মারাত্মক হতাশার সৃষ্টি করেছে। এই হতাশা থেকে জাতিকে মুক্ত করার জন্যে অতীতের মতো আজও ছাত্র লীগকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।

শেখ হাসিনা বলেন, এদেশের ছাত্র সমাজ, শিক্ষক, কর্মচারি, কর্মকর্তা, অভিভাবকেরা কেউই সন্ত্রাস চায় না। আমরা অসুস্থ রাজনীতির বিপরীতে সুস্থ রাজনীতির ধারা সৃষ্টি করতে চাই। আর সে জন্যেই সংগঠনকে সুশিক্ষিত, সুশৃঙ্খল ও শক্তিশালী করে গড়ে তুলতে হবে। একই সঙ্গে মনে রাখতে হবে ছাত্রদের প্রথম ও প্রধান কাজ হচ্ছে লেখাপড়া করা। রাজনীতির অজুহাত দেখিয়ে পরীক্ষার ফলাফল খারাপের কোনো যুক্তি আমি গ্রহণ করবো না। ভালো ফলাফল করার জন্যে এবং যারা মেধাবী ছাত্র তারা আরো ভালো করার জন্যে প্রয়োজনে ৩-৪ মাস আগে সংগঠনের কাছ থেকে ছুটি নিয়ে লেখাপড়া করতে হবে।

তিনি বলেন, আইনের শাসনপ্রতিষ্ঠা ছাড়া গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপদান সম্ভব নয়। এই লক্ষ্যেই সংসদে ইনডেমনিটি অধ্যাদেশ বাতিল বিল উত্থাপিত হয়েছে। সরকারি দল এই মানবতাবিরোধী আইন বাতিলের অঙ্গীকার করলেও আজ তা বাতিল না করে বিশ্বাসঘাতকতা করে চলেছে।